



রোগী এবং শুশ্রূষাকারীর শিক্ষা

কিভাবে আপনার হোম মেডিকেল শার্পগুলো সংরক্ষণ করবেন এবং তা থেকে পরিত্রাণ পাবেন

কিভাবে নিরাপদে আপনার হোম মেডিকেল শার্পগুলো সংরক্ষণ করবেন এবং তা থেকে পরিত্রাণ পাবেন তা সম্পর্কিত বিস্তারিত এখানে রয়েছে।

হোম মেডিকেল শার্পগুলো হল ধারালো বিন্দু বা প্রান্তযুক্ত ডিভাইস যা আপনার ত্বকে খোঁচা দিতে পারে। হোম মেডিকেল শার্পগুলোতে বাড়িতে ব্যবহার করা নিম্নোক্ত আইটেমগুলো থাকে:

- সূঁচ
- সিরিঞ্জ
- ল্যালেট (পরীক্ষা করার জন্য রক্তের ফোঁটা নিতে ব্যবহৃত ফিঙ্গারস্টিক)
- অটো ইনজেক্টর, যেমন- ইনসুলিন কলম

আপনার হোম মেডিকেল শার্পগুলো সংরক্ষণ করা

- উপরের দিকে স্ক্রু সহ ঢাকনা আছে এমন শক্ত প্লাস্টিকের খালি পাত্র ব্যবহার করুন, যেমন লন্ড্রি ডিটারজেন্টের বোতল।
 - একটি শক্ত পাত্র বেছে নিন যাতে শার্পগুলি পাত্রের পাশ থেকে খোঁচা দিতে না পারে।
 - এমন একটি পাত্র বেছে নিন যেটি ভেঙ্গে যাবে না।
 - নিচের এগুলির মধ্যে আপনার শার্পগুলি সংরক্ষণ করবেন না:
 - গ্লাস বা সোডার বোতল
 - দুধের জগ
 - অ্যালুমিনিয়াম বা কফির ক্যান
 - কাগজ বা প্লাস্টিকের ব্যাগ

- পাত্রটি “হোম মেডিকেল শার্পগুলি – পুনর্ব্যবহারের জন্য নয়” এমন লেখা দ্বারা সুস্পষ্টভাবে লেবেল করে দিন। শিশু ও পোষা প্রাণীর কাছ থেকে দূরে রাখুন।
- মেডিকেল শার্পগুলি ব্যবহার করা হয়ে গেলে যত তাড়াতাড়ি সম্ভব পাত্রের মধ্যে রাখুন। মেডিকেল শার্পের সুচালো অংশটি নিচের দিকে তাক করে পাত্রের মধ্যে রাখুন।
- পাত্রটি অতিরিক্ত ভরাট করবেন না। পাত্রটি অর্ধের বেশি ভরে গেলে এটিতে আর মেডিকেল শার্প ভরবেন না। মজবুত টেপ দিয়ে ঢাকনাটি মোড়ান। এর ফলে আরো নিরাপদ সিল তৈরি হবে এবং এটি ফুটো হওয়া থেকে সুরক্ষিত থাকবে।

হোম মেডিকেল শার্পগুলো থেকে পরিত্রাণ পাওয়া

- আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করলে সংগ্রহের জন্য আপনার নিয়মিত ট্র্যাশের সাথে সিল করা পাত্রে রাখতে পারেন। আপনার পুনর্ব্যবহারযোগ্য ট্র্যাশের সাথে এটি রাখবেন না।
- আপনি যদি নিউ ইয়র্ক না হয়ে অন্য কোনো কাউন্টি বা স্টেটে বসবাস করেন তাহলে নির্দেশাবলীর জন্য আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন।
- এছাড়াও আপনি সিল করা পাত্রটি এখানে নিয়ে আসতে পারেন:
 - আপনার পরবর্তী ক্লিনিক পরিদর্শনে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী
 - নিউ ইয়র্ক স্টেটের যেকোনো হাসপাতাল বা নার্সিং হোম
 - আপনার স্থানীয় ফার্মেসি

রিসোর্স

NYS সেফ শার্পস কালেকশন প্রোগ্রাম

www.health.ny.gov/diseases/aids/consumers/prevention/needles_syringes/sharps

নিউ ইয়র্ক স্টেটে হোম মেডিকেল শার্পগুলো থেকে কিভাবে নিরাপদে পরিত্রাণ পাবেন তা সম্পর্কিত তথ্য এই ওয়েবসাইটে রয়েছে।

NJ সেফ সিরিঞ্জ ডিস্পোজাল

www.nj.gov/health/ceohs/documents/phss/safe_syringe_disposal.pdf

নিউ জার্সিতে হোম মেডিকেল শার্পগুলো থেকে কিভাবে নিরাপদে পরিত্রাণ পাবেন তা সম্পর্কিত তথ্য এই ওয়েবসাইটে রয়েছে।

সেফ নিডল ডিস্পোজাল

www.safeneedledisposal.org

আপনার এলাকাতে হোম মেডিকেল শার্পগুলো থেকে কিভাবে নিরাপদে পরিত্রাণ পাবেন তা সম্পর্কিত

তথ্য এই ওয়েবসাইটে রয়েছে। আরো তথ্য জানতে 800-643-1643 নম্বরে কল করুন অথবা info@safeneedledisposal.org ঠিকানায় ইমেইল করুন।

If you have questions or concerns, contact your healthcare provider. A member of your care team will answer Monday through Friday from 9 a.m. to 5 p.m. Outside those hours, you can leave a message or talk with another MSK provider. There is always a doctor or nurse on call. If you're not sure how to reach your healthcare provider, call 212-639-2000.

আরো রিসোর্সের জন্য www.mskcc.org/pe-এ ভিজিট করে আমাদের ভার্চুয়াল লাইব্রেরি দেখুন।

How to Store and Get Rid of Your Home Medical Sharps - Last updated on December 12, 2022
Memorial Sloan Kettering Cancer Center কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত